# ৫ আগষ্টের পর থেকে পলাতক থাকা ডিসি নাজমুলের হঠাৎ রহস্যজনক ফেসবুক পোষ্ট




ডিসি নাজমুল- ছবি সংগৃহীত

গতকাল রাতে হঠাৎ ডিসি নাজমুলের রহস্যজনক পোষ্ট সবারই দৃষ্টিগোচর হয়েছে। তার বিরুদ্ধে পুলিশ হেফাজতে নির্যাতন ও অসংখ্য মামলার অভিযোগ রয়েছে। সামাজিক মাধ্যমে তার পোষ্ট ঘিরে মানুষ উদ্বেগ প্রকাশ করেছে ; কীভাবে ডিসি নাজমুল পলাতক রয়েছে এবং মামলার পর তাকে গ্রেফতার না করে পালিয়ে যেতে দেওয়া হয়েছে

গতকাল রাতে এক ফেসবুক পোষ্টে তিনি বলেন, " প্রাসঙ্গিকতা আর অপ্রাসঙ্গিকতার তারতম্য হচ্ছে vertical division করতে শেখা। সব কিছু একই কাটতি কাঠের নীচে ফেলে সঠিক আউটপুট আসবে না। জীবনের নান দিক থাকে আনন্দ, প্রেম, পারিবারিক, রাজনৈতিক বা সামাজিক জীবন ইত্যাদি। সবকিছু একই ছাঁচে ফেলে দিলে individualism শব্দটাই গৌণ হয়ে যায়।"

গত ২০২৪ সালের ৫ আগস্ট স্বৈরাচার শেখ হাসিনার নেতৃত্বধীন আওয়ামী লীগ সরকার পালানোর পর থেকে শত অপকর্মের ভয়ে এই ডিসি নাজমুল পলাতক রয়েছেন। তার বিরুদ্ধে একাধিক অভিযোগ করেছে ভিক্টিম পরিবারের সদস্যরা। ছাত্র জনতার গণ অভ্যুত্থানেও অতিরিক্ত বলপ্রয়োগ করেছিলেন। পুলিশ হেফাজতে নির্যাতন ও মামলার অভিযোগে কুমিল্লার এক ডাক্তারের ওপর হুমকি, লাঠিপেটা ও মানসিক নির্যাতনের ঘটনা ও মামলার প্রভাব খাটিয়ে দমন-পীড়ন চালানোর চেষ্টা করা হয়েছে ।

এরকম অনেক অভিযোগ রাজধানী সহ অনেক জায়গায় রয়েছে।আওয়ামী সরকারের আমলে ডিসি নাজমুল পুলিশের সিটিটিসি ইউনিটে থাকাকালীন সোশ্যাল মিডিয়ায় মানুষের পোষ্ট কে কেন্দ্র করে তার টিমসহ অমানবিক নির্যাতনের অভিযোগ ও রয়েছে।

এক ভুক্তভোগী ফেসবুকে অভিযোগ করে বলেন; এডিসি নাজমুল এবং তার বাহিনীকে নিয়ে ক্ষমতার অপব্যবহার করে অনলাইনে উপার্জন করা ব্যক্তিদের টার্গেট করত। সামান্য সরকারবিরোধী পোষ্ট পেলেই তাদের তুলে আনত, নির্যাতন করত, আর তাদের ডিভাইস ও টাকা ভাগাভাগি করে নিত।ভুক্তভুগী আও বলেন তার মোবাইল, ল্যাপটপ সহ তাকে ৫ দিন গুম করে অমানবিক নির্যাতন করে তার অনলাইনের উপার্জনের টাকা সে ভাগিয়ে নেন।আরও তাকে মিথ্যা মামলা দিয়ে ও রিমান্ডের নাম নির্যাতন করে।